

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন (অধিশাখা-১)

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৩১.০৪.২২২.১৮-৩৬৫

তারিখ: ২২ কার্তিক' ১৪২৫  
০৬ নভেম্বর' ২০১৮

বিষয়: অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নিয়োগকৃত বিজ্ঞ আইনজীবী জনাব মোঃ মজিবুর রহমান এর বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ।

সূত্র: পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৮১.১৮.-৩৬৬, তারিখ: ১৭/০৮/২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে সদয় অবগতির ও কার্যার্থে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রাজবাড়ী জেলার কালুখালি উপজেলাধীন রায়নগর দারুল উলুম ইসলামিয়া আলিয়া মাদ্রাসার সহকারী শিক্ষক মৌলভী জনাব মোঃ রফিকুল ইসলামসহ ৫৭ জন সহকারী মৌলভী কর্তৃক এমপিওভুক্ত মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত সহকারী শিক্ষক (ধর্ম) গণের অনুরূপ বেতন ভাতাদি (এমপিও) দাবী করে মাননীয় হাইকোর্ট বিভাগে রিটি পিটিশন নং-৯৩৮১/২০১৫ দায়ের করেন। তৎপ্রেক্ষিতে সরকারের পক্ষে ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় ১৪/০১/২০১৬ তারিখে ৩৭.০০.০০০০.০৩১.০৪.২৮৩.১৫-২৫ সংখ্যক স্মারকমূলে বিজ্ঞ আইনজীবী মোঃ মজিবুর রহমানকে দায়িত্ব প্রদান করা হয়।

০২। উল্লেখ্য, যে রিটি পিটিশন নং-৯৩৮১/২০১৫ কারিগরি ও মাদ্রাসা বিভাগ সংশ্লিষ্ট হওয়ায় মামলার নথিসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি শিক্ষা মন্ত্রণালয় ভাগ হওয়ার সময়েই কারিগরি ও মাদ্রাসা বিভাগের কাছে হস্তান্তর করা হয়েছে। ফলে উক্ত মামলা সম্পর্কে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের কাছে কোন তথ্য উপাত্ত নেই।

০৩। এমতাবস্থায় কারিগরি ও মাদ্রাসা বিভাগকে উক্ত আইনজীবী জনাব মোঃ মজিবুর রহমানের বিল পরিশোধের বিষয়টি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোহা: লিয়াকত আলী

উপসচিব

ফোনঃ ০২-৯৫৬৩৫১৬

সচিব

কারিগরি ও মাদ্রাসা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়

(দৃ:আ: মোঃ জাহাঙ্গীর হোসেন বেপারী)

সিনিয়র সহকারী সচিব (আইন)

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হল

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)।

০২। প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৩। অতিরিক্ত সচিব (আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৪। অফিস কপি।